

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ জুলাই

অষ্টম শ্রেণী

ইতিহাস (Part-4)

১ সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূরণ করো

ক) ১৭১৭ খ্রিষ্টাব্দে মুর্শিদকুলি খান কে বাংলার নাজিম পদ দেওয়া হয়। (মুর্শিদকুলি খান/সাদাত খান/ আলিবর্দি খান)

খ) ১৭২২ খ্রিষ্টাব্দে সাদাত খান এর নেতৃত্বে অযোধ্যা এবং স্বশাসিত আঞ্চলিক শক্তি হিসাবে গড়ে ওঠে (নিজাম-উল- মুলক/সাদাত খান/সফদর জং)

গ) ১৭২৪ খ্রিষ্টাব্দে হায়দ্রাবাদ রাজ্য প্রতিষ্ঠা করেন নিজাম-উল-মুলক। (ফররুখশিয়র/ নিজাম-উল- মুলক/সাদাত খান)

২) সঠিক তথ্য দিয়ে নিচের ছকটি পূরণ করো:

সন্ধি চুক্তি	সময় কাল	স্বাক্ষরকারী	ফলাফল
সলবাই	১৭৮২ খ্রি:	ওয়ারেন হেস্টিংস ও মারাঠা	ইংরেজরা সলসেত ও ব্রোচ লাভ করে। দ্বিতীয় মাধবরাও পেশোয়া হিসাবে স্বীকৃতি পান।
বেসিন	১৮০২ খ্রি:	কোম্পানি ও পেশোয়া	দ্বিতীয়বাজীরাও ওয়েলেসলির অধীনতামুলক মিত্রতা নীতি মেনে নিয়ে মারাঠাদের স্বাধীনতা বিকিয়ে দেয়।
লাহোর	১৮৪৬ খ্রি:	কোম্পানি ও শিখ	জলন্ধর দোয়াবে ব্রিটিশ কর্তৃত্ব স্থাপন

৩) সংক্ষেপে উত্তর দাও (৩০ -৪০ টি শব্দে)

ক) কে, কি উদ্দেশ্যে সিভিল সার্ভিস চালু করেন ?

উঃ ওয়ারেন হেস্টিংস ভারতীয় সিভিল সার্ভিস এর ভিত্তি প্রস্তুত শুরু করেন। এরপর চার্লস কর্ণওয়ালিস একে আরও পুনর্গঠন ও পরে আধুনিকীকরণ করেন। এই জন্য চার্লস কর্ণওয়ালিসকে ভারতীয় সিভিল সার্ভিস এর জনক বলা হয়। ১৯২২ সালে ভারতীয় ইন্ডিয়া ভারতীয় সিভিল সার্ভিস এর পরীক্ষার্থীদের দিল্লিতে পরীক্ষায় বসার অনুমতি দেওয়া হয়।

খ) ব্যাপ্টিস্ট মিশন শিক্ষার প্রসারে কেমন ভূমিকা পালন করে ছিল ?

উঃ হুগলী জেলার শ্রীরামপুরে ব্যাপ্টিস্ট মিশন খ্রিষ্টধর্ম প্রচার ও শিক্ষাবিস্তারের কাজ শুরু করে। উইলিয়াম কেরি, ফ্রাসোয়া মার্শম্যান, উইলিয়াম ওয়ার্ড- এই তিন জনকে একত্রে শ্রীরামপুর ত্রয়ি রূপে শিক্ষা বিস্তারে সাহায্য করে। এঁরা ছাপাখানা প্রতিষ্ঠা, ২ ও ৬ টি আঞ্চলিক ভাষায় বাইবেল অনুবাদ এবং বিভিন্ন স্কুল ও কলেজ প্রতিষ্ঠা করেন।

৪)নিজের ভাষায় লেখো (১২০ - ১৬০ শব্দে)

জমি জরিপ ও রাজস্ব নির্ণয়ের ক্ষেত্রে ঔপনিবেশিক প্রশাসন কি কি পদক্ষেপ নিয়েছিল ?

উঃ- ঔপনিবেশিক শাসনের জমি জরিপ ও রাজস্ব আদায়ের ক্ষেত্রে পদক্ষেপগুলো হলো - পাঁচাওসালা, একসালা, দশসালা ও চিরস্থায়ী বন্দোবস্ত এবং রায়তওয়ারি ও মহলওয়ারি বন্ধবস্ত ইত্যাদি।

পাঁচসালা বন্দোবস্তঃ- ব্রাহ্ম্যমান কমিটির সুপারিশে ওয়ারেন হেস্টিংস ১৭৭২ খ্রিষ্টাব্দে পাঁচ বছরের জন্য জমিদারদের জমি বন্টন করেন, সেটাই পাঁচসালা বন্দোবস্ত নামে পরিচিত।

একসালা বন্দোবস্তঃ- পাঁচসালা বন্দোবস্তের অসুবিধাগুলো দূর করতে আমিনি কমিশনের 'রিপোর্টের ভিত্তিতে ওয়ারেন হেস্টিংস এক সালা বন্দোবস্ত চালু করেন।

দশসালা বন্দোবস্তঃ- ১৭৯০ খ্রিষ্টাব্দে লর্ড কর্নওয়ালিস বাংলা, বিহার ও উড়িষ্যার জমিদারের দশ বছরের জন্য জমি দেন, এরই নাম দশ সালা বন্দোবস্ত।

চিরস্থায়ী বন্দোবস্তঃ- জামিদাররা দশ সালা বন্দোবস্ত অনুসারে ঠিক সময় মতো রাজস্ব জমা দেয় তাই রাজস্ব বোর্ডের পরামর্শে লর্ড কর্নওয়ালিস ১৭৯৩ খ্রিষ্টাব্দের ২২ মার্চ বাংলা, বিহার ও উড়িষ্যার জমিদারদের চিরদিনের জন্য নির্দিষ্ট রাজস্বের বিনিময়ে জমি বন্টন করেন, এটাই চিরস্থায়ী বন্দোবস্ত নামে পরিচিত।